



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কৃষিই সমৃদ্ধি

১ নং ধলাহার ইউনিয়ন পরিষদ কার্যালয়

উপজেলা-জয়পুরহাট সদর, জেলা-জয়পুরহাট।

মোবাইল নংঃ ০১৭১৬-৯৬১৩৮৯/০১৭১৯-৫১১৫৯৮

ইমেইল: up Dhalahar@lgsplgd.gov.bd or musameg11615@gmail.com

সূত্র নং- ধলাহার ইউপি /২২৩/২০১৯ ইং (১৩)

তারিখঃ ১৩/১০/২০১৯ইং।

বরাবর,

সুবর্ণা স-মিল, পোঃ মোঃ মনোয়ার হোসেন উজ্জল, ভোটার আইডি নং-২৮৩ ২৫৭ ৮৬১৭, পিতাঃ মোঃ খাজামদ্দিন আকন্দ, ভানাইকুশলিয়া, সদর, জয়পুরহাট, মোকামঃ শালপাড়া রেইন্ট্রির মোড়, রঘুনাথপুর, জয়পুরহাট।

বিষয়ঃ ছোট বালিয়াতের রেইন্ট্রির মোড়ে একটি মড়া রেইন্ট্রির গাছ অপসারণ কাজের কার্যাদেশ প্রসঙ্গে।

সূত্রঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সর্বোচ্চ (উত্তীর্ণ) ডাককারী হিসেবে আপনি ছোট বালিয়াতের রেইন্ট্রির মোড়ে একটি মড়া রেইন্ট্রির গাছ অপসারণ কাজের মূল্য, ভ্যাট ও উৎস কর এর টাকা পরিশোধ করায় ০২/১০/২০১৯ তারিখের নিলাম বিজ্ঞপ্তি মোতাবেক জয়পুরহাট সদর, উপজেলার ধলাহার ইউনিয়নের ছোট বালিয়াতের রেইন্ট্রির মোড়ে একটি মড়া রেইন্ট্রির গাছ অপসারণ কাজের জন্য এতদ্বারা নিম্নোক্ত শর্তাধীনের আপনাকে কার্যাদেশ প্রদান করা হলো।

- কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে ০৫ দিনের মধ্যে লাল কালি দ্বারা নামাঙ্কিত একটি মড়া রেইন্ট্রির গাছ অপসারণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে ক্রেতা তাহার ক্রয়কৃত গাছ স্থানান্তর করতে ব্যর্থ হলে উহা সরকারী সম্পত্তি হিসেবে গন্য হবে এবং উক্ত গাছে ক্রেতার কোন দাবি গ্রহণযোগ্য হবে না।
- গাছ কর্তন ও অপসারণের সময় ব্যক্তিগত/সরকারী কোন জিনিস/রাস্তা/ঘরবাড়ি/সীমানাপ্রাচীর/বৈদ্যুতিক তার/ খুঁটি/ টেলিফোনের তার ও খুঁটি/ রেললাইন ইত্যাদির কোন ক্ষতি সাধিত হলে উহার সংশোধন/মেরামত ঠিকাদার নিজ খরচে করে দিতে বাধ্য থাকবেন। গাছ অপসারণের পূর্বে এতদসংক্রান্ত যাবতীয় সতর্কতা অবলম্বন করতে হবে ও কার্যক্ষেত্রে তাহা যথাশীঘ্র প্রতিস্থাপন করে দিতে হবে।
- গাছ কর্তন/অপসারণের সময় সরকারী সম্পদের কোন ক্ষতি সাধিত হলে ঠিকার কর্তৃক তাহা অনতিবিলম্বে মেরামত/সংশোধন করে দিতে অস্বীকার/বিলম্ব করলে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক আর্নেস্ট মানি করতঃ সংশোধন মেরামত করে দিতে পারবেন। ক্ষয়ক্ষতি মেরামত বা সংশোধন আর্নেস্ট মানির টাকায় সংকুলান না হলে ক্রেতার নিকট হতে সার্টিফিকেট মামলার মাধ্যমে উক্ত অতিরিক্ত টাকা আদায় করা হবে।
- কার্যাদেশ প্রদানকৃত চিহ্নিত গাছ ছাড়া পার্শ্ববর্তী অন্যকোন গাছ কাটা যাবে না এবং গাছ কাটার সময় গর্ত হলে ঠিকাদারকে নিজ খরচে গর্ত ভরাট করে দিতে হবে। অন্য কোন গাছ বা ডালপালা কর্তন করিলে আপনার কার্যাদেশ বাতিল করা হবে। প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- কার্যাদেশ প্রাপ্তির পর সংশ্লিষ্ট নিলাম কমিটির আহ্বায়ক এর নিকট সাইট হস্তান্তর বা গ্রহণ লিখিত ভাবে বুঝিয়া পাওয়ার পর কার্যাদেশ প্রদানের তারিখ হতে কাজ শুরু পূর্বে বর্ণিত লটার গাছ নির্ধারিত তারিখের মধ্যে কোনদিন গাছ কর্তন বা অপসারণ করতে ইচ্ছুক তাহা চেয়ারম্যান, ১নং ধলাহার ইউনিয়ন পরিষদ, জয়পুরহাটকে লিখিতভাবে অবহিত করতে হবে। উল্লিখিত তারিখে সাইডে চেয়ারম্যান, ১নং ধলাহার ইউনিয়ন পরিষদ, জয়পুরহাট সদর, নিজে বা তার প্রতিনিধি উপস্থিত থাকবেন। চেয়ারম্যান, ১নং ধলাহার ইউনিয়ন পরিষদ, জয়পুরহাট সদর, জয়পুরহাট নিজে বা তার প্রতিনিধির অনুপস্থিতিতে গাছ কর্তন করা যাবে না।
- কার্যাদেশকালীন সময়ে বর্ণিত সাইড সমূহের পুরো গাছের তদারকী আপনার উপর থাকবে। চেয়ারম্যান, ১নং ধলাহার ইউনিয়ন পরিষদ, জয়পুরহাট সদর, জয়পুরহাট নিজে বা তার প্রতিনিধির উপস্থিতি ছাড়া দিনে বা রাতে কোন গাছ কর্তন করা হলে সরাসরি আইগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
- গাছ কর্তন বা অপসারণের সময় সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। গাছ কর্তন বা অপসারণের সময় যে কোন ধরনের ক্ষয়ক্ষতি বা দুর্ঘটনা দায়দায়িত্ব সংশ্লিষ্ট ঠিকাদারকে বহন করতে হবে।
- বিক্রিত বনজ দ্রব্য একস্থান হতে অন্যস্থানে বা এক জেলা অন্য জেলায় স্থানান্তর/পরিবহন কালে বিভাগীয় বন কর্মকর্তা সামাজিক বন বিভাগ, রাজশাহী হতে চলাচল/ট্রানজিট পাশ গ্রহণ করতে হবে।
- উল্লিখিত শর্তাবলী ছাড়া অত্র দপ্তর ০২/১০/২০১৯ তারিখের নিলাম বিজ্ঞপ্তির সকল শর্তাবলী অত্র কার্যাদেশের শর্তাবলী হিসেবে গন্য হবে।

### সাইডের বিবরণঃ

উপজেলা ও ইউনিয়ন	স্থান	গাছের বিবরণ		মোট গাছ সংখ্যা	'নিলামকৃত গাছের মূল্য (টাকা)
		মৃত ও পরিপক্ব	গাছের প্রজাতি		
১	২	৩	৪	৫	৬
জয়পুরহাট সদর, ১নং ধলাহার ইউপি	ধলাহার ইউপির ছোট বালিয়াতের রেইন্ট্রির মোড়ে ১ (এক) টি মার্কিং কৃত রেইন্ট্রির গাছ	বনজ	রেইন্ট্রি	১ (এক) টি	=৪২,০০০/- (বিয়াল্লিশ হাজার টাকা মাত্র)

(মোঃ ফয়েজ উদ্দীন আহমেদ)

চেয়ারম্যান

০১ নং ধলাহার ইউনিয়ন পরিষদ

জয়পুরহাট সদর, জয়পুরহাট

সূত্র নংঃ ধলাহার ইউপি /২২৩/২০১৯ইং (১৩), তারিখঃ ১৩/১০/২০১৯ইং

জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

১। .....সদস্য, সংশ্লিষ্ট নিলাম কমিটি।

২। সংশ্লিষ্ট নথি/অফিস কপি।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসক এর কার্যালয়, জয়পুরহাট।

২। উপজেলা নির্বাহী অফিসার, জয়পুরহাট সদর, জয়পুরহাট।

৩। ভারপ্রাপ্ত বন কর্মকর্তা, জয়পুরহাট এস,এফ,এন,টি,সি, জয়পুরহাট।

৪। অফিসার ইন চার্জ, জয়পুরহাট সদর থানা, জয়পুরহাট।

৫। নোটিশ বোর্ড অত্র অফিস, জয়পুরহাট সদর, জয়পুরহাট।

৬। সংশ্লিষ্ট নথি।